দৈনিক ইত্তেফাক ২৫২

তারিখ 27 DEC 1998
পৃষ্ঠা ৫ কলাম ৮

## এসএসসি পরীক্ষায় অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

মৌলভীবাজার সংবাদদাতা ॥ মৌলভীবাজার সদর থানার সব কয়টি উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ আগামী এসএসসি পরীক্ষার পরীক্ষার্থীদের নিকট হইতে কয়েকগুণ বেশী ফি আদায় করিতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। বোর্ড নির্ধারিত ফি হইতেছে নিয়মিত বিজ্ঞান বিভাগ ৫৩২ টাকা, মানবিক বিভাগ ৪৫৭ টাকা এবং অনিয়মিত বিজ্ঞান বিভাগ ৬০৭ টাকা ও মানবিক বিভাগ ৫৩২ টাকা। কিন্তু মৌলভীবাজার সদর থানার কোন উচ্চ বিদ্যালয়ই এ নিয়ম মানিতেছে না। সকল বিদ্যালয় তাহাদের ইচ্ছামাফিক ৩/৪ গুণ বেশী ফি ছাত্র/ছাত্রীদের কাছ হইতে আদায় করিতেছে। অভিযোগে জানা গিয়াছে যে, এইসব বিদ্যালয় অননুমুদিত-ভাবে প্রত্যেক ছাত্র/ছাত্রীদের কাছ হইতে বাধ্যতামূলক ৩ হইতে ৬ মাসের স্কুলের বেতনসহ বিভিন্ন খাত দেখাইয়া অতিরিক্ত আরও ৪/৫ শত টাকা আদায় করিতেছে। এই অতিরিক্ত টাকা ও বোর্ড ফিসহ বিজ্ঞান (নিয়মিত) মোট ফি দিতে হয় ১ হাজার টাকা হইতে ১ হাজার ২ শত টাকা ও মানবিক (নিয়মিত) ৯ শত টাকা হইতে ১১ শত টাকা। ইহা ছাড়া কোন কোন উচ্চ বিদ্যালয় ১ হাজার ৭ শত টাকা হইতে ২ হাজার টাকা পর্যন্ত পরীক্ষা ফি আদায় করিতেছে। এই অস্বাভাবিক ফি দিতে গিয়া স্বল্প আয়ের অভিভাবকরা বিপদে পড়িয়াছে। অনেক অভিভাবক বাধ্য হইয়া ঋণ-হাওলাদ, কেহবা গরু-ছাগল বিক্রি করিয়া পরীক্ষার ফি দিতেছে। এই হরিলুটের ফি আদায়ের শীর্ষে আছে হাফিজা খাতুন উচ্চ বালিকা বিদ্যালয়